**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা,  রোববার ২১ আগস্ট ২০১৬, ৬ ভাদ্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ভয়াবহ ২১ আগস্ট গ্রেনেড হামলার ১২তম বার্ষিকী আজ
২। দেশ থেকে হত্যা, সন্ত্রাস ও জঙ্গিবাদের চির অবসান হবে : প্রধানমন্ত্রী
৩। সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ হিসেবেই প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা : শিল্পমন্ত্রী
৪। কৃষকের উৎপাদন খরচ কমানোর ক্ষেত্রে গুরুত্ব দিচ্ছে সরকার : কৃষিমন্ত্রী
৫। কিছুদিনের মধ্যেই ২১ আগস্ট হত্যা মামলার রায় : আইনমন্ত্রী
৬। একাদশ শ্রেণিতে পুনরায় ভর্তি সুযোগ : চলবে ২৩ আগস্ট পর্যন্ত
৭। সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানে দেশীয় উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান
৮। জঙ্গিবাদ মোকাবিলায় একযোগে কাজ করবে ব্রিটেন ও বাংলাদেশ : ব্রিটিশ হাইকমিশনার
৯। প্রবীণ বাংলাদেশীদের জন্য ভিসা শিথিল করল ভারত
১০। সাগর আবার উত্তাল : বন্দরে সতর্ক সঙ্কেত

চলমান পাতা-২

১। **ভয়াবহ ২১ আগস্ট গ্রেনেড হামলার ১২তম বার্ষিকী আজ**

ইতিহাসের ভয়াবহতম গ্রেনেড হামলার ১২তম বার্ষিকী আজ ২১ আগস্ট রোববার। বারো বছর আগে এই দিনে বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের শান্তি সমাবেশে নারকীয় গ্রেনেড হামলার ঘটনা ঘটে। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং আওয়ামী লীগের শীর্ষ স্থানীয় কয়েকজন নেতা সেদিন অল্পের জন্য এই ভয়াবহ হামলা থেকে বেঁচে গেলেও অপর ২৪ জন নিহত হন। ভয়াল ২১ আগস্টের ১২তম বার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে ২১ আগস্টের শহিদদের আত্মার মাগফিরাত কামনা ও আহতদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন তারা। দিবসটি পালন উপলক্ষে নানা কর্মসূচি নেওয়া হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৮)।

**সংবাদ, ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **দেশ থেকে হত্যা, সন্ত্রাস ও জঙ্গিবাদের চির অবসান হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ আগস্টের শোককে শক্তিতে পরিণত করে সন্ত্রাস ও জঙ্গিমুক্ত একটি শান্তিপূর্ণ গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে দেশের সকল নাগরিককে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, একুশে আগস্টের হামলাকারী, পরিকল্পনাকারী, নির্দেশদাতা এবং তাদের মদদদাতাদের সুষ্ঠু বিচারের মাধ্যমে দেশ থেকে হত্যা, সন্ত্রাস ও জঙ্গিবাদের চির অবসান হবে। আইনের শাসন সুপ্রতিষ্ঠিত হবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, 'জঙ্গিবাদকে সমূলে উপড়ে ফেলে আমরা জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত করব, এটাই আমার প্রত্যাশা'। গণতন্ত্র ও আইনের শাসনকে সমুন্নত রাখা হয়েছে জানিয়ে তিনি বলেন, ২১ আগস্ট গ্রেনেড হামলাকরীদের বিচার কাজ চলছে। সপরিবারে জাতির পিতার হত্যার বিচারের রায় কার্যকর করা হয়েছে। জাতীয় চার নেতা হত্যার বিচার সম্পন্ন হয়েছে। একাত্তরের যুদ্ধাপরাধী-মানবতাবিরোধীদের বিচারের রায় কার্যকর করা হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২১ আগস্ট উপলক্ষে দেওয়া এক বানীতে এ প্রত্যাশার কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

৩। **সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ হিসেবেই প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার চেষ্টা : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু আওয়ামী লীগ সভানেত্রীসহ দেশ রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, ব্যক্তি ও পরিবারের বিরুদ্ধে নয় বরং স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রের অংশ হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বারবার হত্যার চেষ্টা করা হয়েছে। গতকাল ২০ আগস্ট শনিবার বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে যুবলীগ আয়োজিত আলোচনা সভা ও আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শিল্পকলা একাডেমির ৬ নম্বর গ্যালারিতে ২১ আগস্ট গ্রেনেড হামলায় হতাহতের স্মরণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

৪। **কৃষকের উৎপাদন খরচ কমানোর ক্ষেত্রে গুরুত্ব দিচ্ছে সরকার : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, সরকারকে সবসময় কৃষকের ফসলের দাম ও ভোক্তার কৃষি পণ্যের দামের মধ্যে সমন্বয় করতে হয়। সেজন্য কৃষকের উৎপাদন খরচ কমানোর ওপর গুরুত্ব দিচ্ছে সরকার। সেটি করতে কৃষিতে উন্নত প্রযুক্তি ও যন্ত্রাংশ কৃষকের কাছে পৌঁছানো এবং গবেষণায় জোর দেওয়া হয়েছে। পাশাপাশি কৃষি উপকরণ সহজলভ্য করতে ভর্তুকি চালু রাখা হয়েছে। প্রযুক্তি উদ্ভাবনে স্লিম বাট স্মার্ট এবং ইফিসিয়েন্ট প্রযুক্তি উদ্ভাবনে গবেষকদের নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল ২০ আগস্ট রাজধানীর খামারবাড়িতে আয়োজিত 'এশিয়ার চাল উৎপাদন ও বাংলাদেশের খাদ্য নিরাপত্তা' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। বাংলাদেশ এগ্রিকালচারাল জার্নালিস্টস এন্ড এন্টিভিস্টস ফেডারেশন এ সেমিনারের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **কিছুদিনের মধ্যেই ২১ আগস্ট হত্যা মামলার রায় : আইনমন্ত্রী**

অল্প কিছুদিনের মধ্যেই ২১ আগস্ট হত্যা মামলার রায় হবে বলে আশা প্রকাশ করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। জাতির পিতার হত্যার নেপথ্যের ষড়যন্ত্রকারীদের বের করতে একটা কমিশন করা উচিত বলেও মনে করেন তিনি। গতকাল ২০ আগস্ট শনিবার শোক দিবস উপলক্ষে সুপ্রিম কোর্টে অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের উদ্যোগে আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমসহ তার কার্যালয়ের অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।



**৬। একাদশ শ্রেণিতে পুনরায় ভর্তির সুযোগ : চলবে ২৩ আগস্ট পর্যন্ত**

একাদশ শ্রেণিতে ভর্তি হতে না পারা শিক্ষার্থীদের পুনরায় ভর্তির সুযোগ দিচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল ২০ আগস্ট শনিবার এ প্রক্রিয়া শুরু হয়েছে চলবে ২৩ আগস্ট পর্যন্ত। দেশের যেসব কলেজ ও মাদ্রাসায় আসন খালি আছে, সেখানে এ শিক্ষার্থীদের ভর্তি করা যাবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, এবার এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে প্রায় একলাখ ভর্তি হতে পারেনি বলে আমাদের কাছে তথ্য আছে। আমরা সবাইকে ভর্তির সুযোগ দিতে চাই। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪**), ইনকিলাব** (পৃ.১,ক.১) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৭। সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানে দেশীয় উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান**

গভীর সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধানে দেশীয় উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি এবং খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী। তিনি বলেছেন, বিশ্বব্যাপী তেলের দাম কমে যাওয়ার কারণে বঙ্গোপসাগরে নতুন নতুন কূপ অনুসন্ধানে বিদেশীরা আগ্রহ দেখাচ্ছে না। এ সুযোগ কাজে লাগতে পারেন দেশীয় উদ্যোক্তারা। নিজেরাই অনুসন্ধান করে এখাতে বিনিয়োগ সম্ভাবনা ও ঝুঁকি যাচাই করে দেখতে পারেন। এক্ষেত্রে প্রয়োজনীয় নীতিগত সহায়তা দিতে সরকার প্রস্তুত রয়েছে। তিনি বলেন, সরকার মিয়ানমার থেকে গ্যাস আমদানির বিষয়ে কাজ করছে। যা দিয়ে চট্টগ্রাম অঞ্চলে উচ্চক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা সম্ভব হবে। স্থানীয় চাহিদা মেটানোর পাশাপাশি এ বিদ্যুৎ মিয়ানমারেও রফতানির সুযোগ থাকবে। গতকাল ২০ আগস্ট শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইণ্ডাস্ট্রি আয়োজিত 'ব্লু ইকোনমি (সমুদ্র অর্থনীতি) : বিনিয়োগের নতুন দিগন্ত' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.২), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। জঙ্গিবাদ মোকাবিলায় একযোগে কাজ করবে ব্রিটেন ও বাংলাদেশ : ব্রিটিশ হাইকমিশনার**

বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক বলেছেন, পৃথিবী জুড়ে সন্ত্রাসবাদের বিস্তার হয়েছে। জঙ্গিবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে। সন্ত্রাস-জঙ্গিবাদ মোকাবিলায় বাংলাদেশ ও ব্রিটেন একযোগে কাজ করবে। তিনি বলেন, বাংলাদেশ-ব্রিটেন সম্পর্ক অত্যন্ত মজবুত, বন্ধুত্বপূর্ণ ও বহুমূখী। গতকাল ২০ আগস্ট শনিবার 'লন্ডন-**১৯৭১** ভিনদেশে বাঙালির আগুনঝরা দিনের গল্প' শিরোনামে শিল্পকলা একাডেমিতে আয়োজিত এক আলোকচিত্র প্রর্দশনীর সমাপনী দিনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৮)।

**৯। প্রবীণ বাংলাদেশীদের জন্য ভিসা শিথিল করল ভারত**

বাংলাদেশের প্রবীণ নাগরিকদের জন্য পর্যটন ভিসার নিয়ম শিথিল করেছে ভারত। ৬৫ বছর বা এর বেশি বয়সী বাংলাদেশিদের এখন থেকে পাঁচ বছর মেয়াদি মাল্টিপল এন্ট্রি ভিসা দেবে ভারত। গত **১৯** আগস্ট শুক্রবার রাতে দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে এ তথ্য জানায়। এতদিন ভারত এক বছর মেয়াদি পর্যটন ভিসা প্রদান করত। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয় পর্যটনে উৎসাহিত করার লক্ষ্যে সরকারের গৃহীত নীতির আলোকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে ভারত-বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার এবং জনগণের সঙ্গে জনগণের যোগাযোগ আরও গভীরতর হবে। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮)।

**১০। সাগর আবার উত্তাল : বন্দরে সতর্ক সঙ্কেত**

লঘুচাপের বর্ধিতাংশ (ট্রোফ) এবং একটি লঘুচাপের সক্রিয় প্রভাবে আবহাওয়া আবারও বৈরী হয়ে উঠেছে। সাগর আবার উত্তাল হয়েছে। সমুদ্র বন্দরসমুহ ও উপকুলে ঝড়ো হাওয়ার কারণে গতকাল ২০ আগস্ট শনিবার থেকে পুনরায় সতর্ক সংকেত দেখানো হচ্ছে। গতকাল ২০ আগস্ট শনিবার সন্ধ্যায় আবহাওয়ার সতর্কবার্তায় জানা গেছে, লঘুচাপের বর্ধিতাংশ উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। সকল মাছ ধরা ট্রলা ও নৌযানকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩)।

=৪=

**সম্পাদকীয়**

**ক.** **সংবাদ :** জঙ্গিবাদ নির্মূলে বিভিন্ন বাহিনী ও সংস্থার কাজের মধ্যে সমন্বয়হীনতার গুরুতর অভিযোগ উঠেছে উল্লেখ করে এর প্রেক্ষিতে বিভিন্ন বাহিনী ও সংস্থার কার্যক্রম মনিটরিং এর ওপর গুরুত্বারোপ।

**খ.** **প্রথম আলো :** বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির মৌসুমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে বিপুল পরিমাণ অর্থ আদায় করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয়ে চালু করার সুপারিশ।

**গ.** **ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, ভোরের কাগজ,সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট :** আজ ভয়াবহ গ্রেনেড হামলার দ্বাদশতম বর্ষ হওয়ায় শোক প্রকাশ করে এ হামলার বিচার কাজ দ্রুত শেষ করার দাবি।

**ঘ.** **ইনকিলাব :** সারাদেশের সড়ক-মহাসড়কগুলো দখলমুক্ত করার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ দমনে ভারত এবং বাংলাদেশ কমন ইনফরমেশন প্লাটফর্ম ব্যবহার করতে সম্মত হওয়ার বিষয় তুলে ধরে দুই দেশকে এ ব্যাপারে দ্বিপাক্ষিক সমন্বিত পদক্ষেপ ও ইনটিলিজেন্স শেয়ারিং করার সুপারিশ।

**চ.** **ডেইলি সান, নিউ নেশন, ইনকিলাব :** রাজধানীর অবৈধ বিলবোর্ড, ব্যানার-ফেস্টুন, দেয়াল লিখন ও তোরণ অপসারণে মেয়রদের কাজের সাফল্যের প্রত্যাশা করে অন্যান্য শহর থেকেও এসব অপসারণের আহ্বান।

**ছ.** **ডেইলি স্টার, নিউ এজ :** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসন সংকট সমাধানে অবৈধ দখলকৃত ডরমেটরিগুলো পুনরুদ্ধারের ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

**জ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস, জনকণ্ঠ :** উচ্চ মাধ্যমিকের ফলাফলে উন্নতি সাধিত হওয়ায় স্বস্তি প্রকাশ করে দেশে-বিদেশে চাকরির ক্ষেত্রের সাথে সম্পর্কিত শিক্ষা ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে বর্তমান প্রধানমন্ত্রী জাতির পিতার আদর্শ, রাজনৈতিক দূরদর্শিতা ও সাংস্কৃতিক শুদ্ধতা নিয়ে তারই স্বপ্নের সোনার বাংলা গড়ার কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যাবেন বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে চাই জীবনমুখী শিক্ষা'** শিরোনামের নিবন্ধে সতীর্থ

রহমান জাতীয় অগ্রগতি,টেকসই উন্নয়ন এবং জীবনঘনিষ্ঠ শিক্ষার বৃহত্তর স্বার্থে বর্তমান প্রচলিত পাঁচ বছর মেয়াদি প্রাথমিক শিক্ষার স্থলে আট বছর মেয়াদি শিক্ষা পদ্ধতি চালু করা অত্যাবশ্যক বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা